ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-২৭৯৪</u>
আগরতলা,৯ সেপ্টেম্বর,২০২৫

**গন্ডাতুইসা মহকুমা হাসপাতালে**
**স্বেচ্ছায় রক্ত দান শিবির**

আজ ধলাই জেলার গন্ডাতুইসা মহকুমা হাসপাতালে স্বেচ্ছা রক্তদান শিবিরের আয়োজন করা হয়। হাসপাতালের ২৯ জন স্বাস্থ্যকর্মী রক্তদান করেন। এই কর্মসূচির মূল লক্ষ্য ছিল জেলার ব্লাড ব্যাঙ্কে রক্তের ঘাটতি পূরণে সহায়তা করা এবং সাধারণ মানুষকে রক্তদানে উৎসাহিত করা। এই রক্তদান শিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গন্ডাতুইসা মহকুমা হাসপাতালের মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডা. জটিলেশ্বর দেববর্মা। তিনি রক্তদাতাদের এই মহৎ উদ্যোগের জন্য আন্তরিক ধন্যবাদ জানান। এই শিবিরে উপস্থিত ছিলেন ধলাই জেলা হাসপাতালের ব্লাড ব্যাঙ্কের প্রধান ডা. করুণা কান্তি দেববর্মা। ধলাই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় থেকে এই তথ্য জানানো হয়েছে।

*****